তারিখ ... 21 MAY 2016 ...
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 6 ......

সমকাল

# বৃষ্টিতেও ম্যাটস শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত

■ সমকাল প্রতিবেদক

বৃষ্টি উপেক্ষা করে জাতীয় প্রেস ক্লাবের সামনে আন্দোলন অব্যাহত রেখেছেন মেডিকেল টেকনোলজির শিক্ষার্থীরা। দাবি আদায়ে টানা গতকাল শুক্রবার পঞ্চম দিনের মতো পৃথকভাবে অবস্থান ও আমরণ অনশন কর্মসূচি পালন করে মেডিকেল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) ও মেডিকেল টেকনোলজি ও ফার্মেসি স্টুডেন্ট অ্যাসোসিয়েশন (বিএমটিপিএসএ)।

ম্যাটস পাঁচ দফা দাবিতে ও বিএমটিপিএসএ ১০ দফা দাবিতে গত ১৬ মে থেকে প্রেস ক্লাবের সামনে অবস্থান নেন। গতকাল সকাল থেকে দুপুর পর্যন্ত প্রেস ক্লাব এলাকা ঘুরে দেখা যায়, আন্দোলনকারীরা পলিথিন বিছিয়ে বিভিন্ন দাবি লেখা ফেস্টুন নিয়ে ফুটপাথ ও রাজপথের একাংশে অবস্থান করছেন।

ম্যাটসের শিক্ষা ও ছাত্রবিষয়ক সম্পাদক মিঠুন সরকার বলেন, দাবি আদায় না হওয়া পর্যন্ত শান্তিপূর্ণ কর্মসূচি চলবে। তাদের দাবি হলো, কমিউনিটি ক্লিনিকসহ বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকে নতুন পদ সৃষ্টি করে তাদের পদায়ন করা, কমিউনিটি মেডিকেলে কর্মরতদের ১১তম গ্রেড থেকে ১০ম গ্রেডে উন্নীত করা, উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টি ইত্যাদি।

বিএমটিপিএসের দাবিগুলো হচ্ছে– স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন অভিন্ন নীতিমালা প্রণয়ন করে মেডিকেল টেকনোলজি ও ফার্মেসি কোর্স পরিচালনা করা, সরকারি চাকরিতে তাদের পদমর্যাদা দশম গ্রেডে উন্নীত করা, উচ্চশিক্ষায় নতুন কোর্স চালু করা ইত্যাদি।